

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
শৃঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩২.১৭(অংশ) নং ২

তারিখঃ ২৬/০৮/২০১৯ খ্রি.


বিষয়ঃ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক  
ব্যক্তিগত শুনানি।

সূত্রঃ (১) স্মারক নম্বরঃ উপপ/সদর/পিরোজ/২০১৯/৩৫৯ তারিখঃ ০৮/০৮/২০১৯ খ্রি.

(২) ডা: হংসুপতি সিকদার, গত ০৮/০৮/২০১৯ খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, জনাব ডা: হংসুপতি সিকদার, মেডিকেল অফিসার, (এমসিএইচ-এফপি), রামপাল, বাগেরহাট (পিরোজপুর জেলার সদর উপজেলায় কর্মকালীন)-এর বিরুদ্ধে “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮”-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’-এর দায়ে গত ১৯/০৬/২০১৯ খ্রি. তারিখের ৫৩ নম্বর স্মারকে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানি আগামী ০৩/০৯/২০১৯ খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-৩১১, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) গ্রহণ করা হবে।

২। প্রয়োজনীয় সাক্ষ্য-প্রমাণসহ নির্ধারিত তারিখ ও সময়ে শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোহাম্মদ আলী)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৬৬৭


ডা: হংসুপতি সিকদার,  
মেডিকেল অফিসার, (এমসিএইচ-এফপি),  
রামপাল, বাগেরহাট

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩২.১৭(অংশ)

তারিখঃ ২৬/০৮/২০১৯ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
(সংশ্লিষ্ট নথি-পত্রসহ একজন উপযুক্ত কর্মকর্তাকে উল্লিখিত শুনানিতে প্রেরণের অনুরোধসহ)।
- ২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(সংশ্লিষ্ট কর্মকর্তাকে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল  
(savarufpo@gmail.com)]।
- ৫। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বাগেরহাট।
- ৬। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার  
কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। যুগ্মসচিব (শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।

  
(মোহাম্মদ আলী)  
সহকারী সচিব